বাংলাদেশী পুরুষ :
যুক্তরাষ্ট্রের অভিবাসন বিভাগ INS -এর
বিশেষ নিবন্ধীকরন বা রেজিস্ট্রেশন কর্মসূচী
(Special Registration Program)
২৪ ফেব্রুয়ারি-২৮ মার্চ, ২০০৩

যুক্তরাষ্ট্রের অভিবাসন বিভাগ INS, যুক্তরাষ্ট্রের নাগরিক অথবা স্থায়ী বাসিন্দা নন, এমন প্রায় সকল বাংলাদেশী পুরুষদের স্থানীয় INS বা অভিবাসন বিভাগের অফিসে গিয়ে নিবন্ধীকরনের নির্দেশ দিয়েছে। ২০০৩ সালের ২৪ ফেব্রুয়ারি হতে ২৮ মার্চ-এর মধ্যে এই নিবন্ধীকরণ করতে হবে। নিবন্ধীকরন করার সময় বুড়ো আঙ্গুলের ছাপ ও নিবন্ধনকারীর ছবি নেওয়া হবে ও তাকে বিভিন্ন প্রশ্নের উত্তর দিতে হবে।

এবিষয়ে সর্বশেষ খবরাখবর এর জন্য আমাদের ওয়েব সাইট-এ আসুন :
www.bengali.net/pbn/

যে সব কারণে বিষয়টি অত্যন্ত গুরুত্বপূর্ণ

- আপনি যদি নিবন্ধীকরন না করেন অথবা নিবন্ধীকরনের সময় অভিবাসন বিভাগ বা INS যদি মনে করে আপনার যুক্তরাষ্ট্রে থাকার মেয়াদ পার হয়ে গেছে (out of status) , তাহলে আপনাকে গ্রেফতার করে ও কারারুদ্ধ করে যুক্তরাষ্ট্রে থেকে বহিষ্কার করা হতে পারে। ভবিষ্যতে আপনাকে আর কখনো যুক্তরাষ্ট্রে প্রবেশ করতে নাও দেওয়া হতে পারে।
- যতক্ষণ অভিবাসন বিভাগ অথবা কোন অভিবাসন বিচারক (immigration judge) নিবন্ধীকৃত ব্যক্তিদের জন্য জামিন নির্দিষ্ট করবে, ততক্ষণ পর্যন্ত তাদের কারারুদ্ধ করা হতে পারে। কোন কোন নিবন্ধীকৃত ব্যক্তি জামিনের সুযোগ নাও পেতে পারেন।
- সকল নিবন্ধীকারীর জন্য অভিবাসন বিচারকের সামনে শুনানীর অধিকার নেই। উদাহরণ : যাদের ভিসা ওয়েভার (visa waiver) আছে।
- আমরা খবর পেয়েছি যে যারা ইতিমধ্যে নিবন্ধীকরন করতে গিয়েছেন, তাদের কারো কারো সাথে অভিবাসন বিভাগ INS দুর্ব্যবহার করেছে, অথবা কোন কোন ব্যক্তিকে কারারুদ্ধ করেছে। সুতরাং আপনার পক্ষে এবিষয়ে সচেতন থাকা অত্যন্ত জরুরী।

নীচের সবগুলো শর্ত যদি আপনার ক্ষেত্রে প্রযোজ্য হয়, তবে আপনাকে নিবন্ধীকরন করাতে হবে :

- আপনি একজন পুরুষ।
- আপনি বাংলাদেশের নাগরিক।
- আপনার জন্ম ২৪ ফেব্রুয়ারি, ১৯৮৭ অথবা তার আগে।
- আপনি যুক্তরাষ্ট্রে ৩০ সেপ্টেম্বর, ২০০২ অথবা তার আগে প্রবেশ করেছেন।
- আপনি যুক্তরাষ্ট্রে অন্তত মার্চ ২৮, ২০০৩ পর্যন্ত অবস্থান করবেন।
- আপনি অভিবাসন বিভাগ INS -এর অনুমতি নিয়ে যুক্তরাষ্ট্রে প্রবেশ করেছেন।

নীচের যে কোন শর্ত যদি আপনার ক্ষেত্রে প্রযোজ্য হয়, তবে আপনাকে নিবন্ধীকরন করাতে হবে না :

- আপনি যুক্তরাষ্ট্রের নাগরিক অথবা স্থায়ী বাসিন্দা।
- আপনি ইতিমধ্যে রাজনৈতিক আশ্রয় অথবা শরনার্থী হিসেবে থাকার অনুমোদন পেয়েছেন।
- আপনি রাজনৈতিক আশ্রয়ের জন্য ১৬ জানুয়ারি, ২০০৩ অথবা তার আগে আবেদন করেছেন এবং সেই আবেদন বিবেচনাধীন আছে।
- আপনাকে এ্যাডভান্স প্যারোল (advance parole) - এর ভিত্তিতে যুক্তরাষ্ট্রে প্রবেশ করতে দেওয়া হয়েছে।
- আপনি অভিবাসন বিভাগ INS-এর বিনা অনুমতিতে যুক্তরাষ্ট্রে প্রবেশ করেছেন।
- আপনি একজন রাষ্ট্রদূত, কূটনৈতিক কর্মকর্তা অথবা মন্ত্রী।

নিম্নলিখিত যে কোন কারণে আপনাকে কারারুদ্ধ করা হতে পারে :

- আপনার অনভিবাসী (non-immigrant) ভিসার মেয়াদ পার হবার পরও আপনি এদেশে অবস্থান করছেন, অথবা অভিবাসন বিভাগ INS -এর অনুমতি ছাড়া এদেশে কাজ করছেন। *(পরের পাতায় দেখুন।)*
- আপনি এক শিক্ষা প্রতিষ্ঠান থেকে অন্য শিক্ষাপ্রতিষ্ঠানে বদলি নেবার সময় অভিবাসন বিভাগ INS -এর অনুমতি নেন নি।
- আপনি বিশেষ নিবন্ধীকরন কর্মসূচীতে অংশগ্রহণ করেন নি।
- আপনাকে কোন অপরাধের জন্য গ্রেফতার করা হয়েছে, অথবা আপনি অপরাধ করেছেন, পুলিশ এমন সন্দেহ করছে।
- আপনার ওপর আদালতের সাময়িক নিবৃত্তকরন নির্দেশ (temporary restraining order) জারি করা হয়েছে।
- যুক্তরাষ্ট্রে আসার পর আপনি অভিবাসন বিভাগ INS বা আদালতের শুনানীতে অনুপস্থিত ছিলেন।
- আপনাকে এর আগে যুক্তরাষ্ট্র থেকে বহিষ্কার করা হয়েছে অথবা স্বেচ্ছায় যুক্তরাষ্ট্র ত্যাগের অনুমতি দেওয়া হয়েছে।
- আপনি যে শিক্ষা প্রতিষ্ঠানে ভর্তি হয়ে এদেশে এসেছিলেন, সেখানে ক্লাসে যোগ দেন নি।
- আপনি নতুন এইচ-ওয়ান ভিসা (H-1B) ভিসা না নিয়েই চাকরী বদল করেছেন।
- যেই এইচ-ওয়ান ভিসার অধীনে আপনি চাকরী করছিলেন, সেখানে আপনি আর কাজ করছেন না, বা আপনি চাকুরীচ্যুত হয়েছেন।
- এইচ-ওয়ান ভিসার অধীনে যারা আপনাকে চাকরী দিয়েছিল, সেই প্রতিষ্ঠান বন্ধ হয়ে গেছে।
- আপনি কে-ওয়ান (K-1) ভিসা নিয়ে এদেশে এসেছেন, কিন্তু বিবাহ করেন নি।

যদি আপনাকে নিবন্ধীকরন করতে হয়, তাহলে কি কি করা উচিৎ?

প্রথম ধাপ : একজন অভিবাসন উকিল বা ইমেগ্রেশন এটর্নির সাথে এখনি যোগাযোগ করুন।

- আপনি যদি উকিলের সাথে পরামর্শ না করে অভিবাসন বিভাগ বা INS -এর কাছে যান, আপনি কারাবাস অথবা যুক্তরাষ্ট্র হতে বহিষ্কারের ঝুঁকি নিচ্ছেন।
- পবন বা প্রগতিশীল বাঙালী গোষ্ঠী (Progressive Bengali Network) বে এরিয়াতে ২১ ফেব্রুয়ারি ও ৯ মার্চ বিনামূল্যে আইন সংক্রান্ত পরামর্শ শিবিরের আয়োজন করেছে। বিস্তারিত তথ্যের জন্য আমাদের ওয়েব সাইটে আসুন : http://www.bengali.net/pbn/
- বিনামূল্যে একজন অভিবাসন উকিলের গোপন পরামর্শের জন্য পরিশিষ্ট অংশের যে কোন একটি ফোন নম্বরে যোগাযোগ করুন।

দ্বিতীয় ধাপ : কোথায় যেতে হবে সেটা জেনে নিন।

- যাদের জন্য নিবন্ধীকরন বাধ্যতামূলক করা হয়েছে, তাদের ব্যক্তিগতভাবে নির্দিষ্ট INS অফিসে গিয়ে উপস্থিত হতে হবে। INS-এর ওয়েব সাইটে ওদের অফিসের একটি তালিকা আছে। ওদের ওয়েব সাইটের ঠিকানা : http://www.ins.gov/
- আপনি এই তথ্য INS -এর বিশেষ নম্বরে ফোন করেও পেতে পারেন। ফোন নম্বরটি হচ্ছে : (৮০০) ৩৭৫-৫২৮৩। বে এরিয়ায় INS -এর স্থানীয় অফিস হচ্ছে সান ফ্রানসিস্কোতে ৪৪৪ ওয়াশিংটন স্ট্রিটে এবং সান হোজেতে ১৮৮৭ মন্টেরে রোড-এ।

তৃতীয় ধাপ : কি সাথে নিয়ে আসতে হবে জেনে নিন।

- সম্ভব হলে সাথে একজন উকিল নিয়ে যান।
- নিম্নলিখিত কাগজপত্র সঙ্গে নিয়ে যান :
    - যুক্তরাষ্ট্রের সরকারী একাধিক সচিত্র পরিচয় পত্র। (গাড়ি চালাবার লাইসেন্স, ইত্যাদি)
    - বসবাসের প্রমাণ। (যেমন ভাড়ার চুক্তিনামা)
    - আপনি যদি কর্মরত হন, তাহলে চাকরীর প্রমাণ। (যেমন বেতনের চেক)
- আপনি যদি ছাত্র ভিসার অধিকারী হন, তাহলে শিক্ষা প্রতিষ্ঠানে ভর্তির প্রমাণ। (যেমন আই-২০)
- অভিবাসন প্রসঙ্গ বহির্ভূত নানা প্রশ্ন যেমন রাজনীতি বা ধর্মীয় ব্যাপার নিয়ে নানা প্রশ্নের উত্তর দেবার জন্য মানসিকভাবে প্রস্তুত হন।

চতুর্থ ধাপ : পরবর্তী পদক্ষেপ কি হবে জেনে রাখুন।

- যতদিন যুক্তরাষ্ট্রে অনভিবাসী (non-immigrant) হয়ে থাকবেন, ততদিন প্রতি বছর আপনাকে একবার নিবন্ধীকরন করতে হবে। ধরা যাক, আপনি ৩০ মার্চ ২০০৩-এ নিবন্ধীকরন করলেন। পরের বছর আপনাকে ২০০৪-এ ১০ মার্চ হতে ৩০ মার্চের মধ্যে আবার নিবন্ধীকরন করতে হবে। *(পরের পাতায় দেখুন।)*
- আপনার বাসার ঠিকানা, চাকরী বা শিক্ষা প্রতিষ্ঠান বদলালে ১০ দিনের মধ্যে INS কে জানাতে হবে। এজন্য INS -এর AR-11SR ফর্ম ব্যবহার করতে হবে।
- যারা নিবন্ধীকরন করবেন, তাদের যুক্তরাষ্ট্র ত্যাগের আগে কোন একটি প্রবেশ স্থল বা পোর্ট অফ এন্ট্রি (port of entry) তে একজন ইনস্পেক্টিং অফিসারের কাছে রিপোর্ট করতে হবে। বিমানবন্দর বা কানাডা সীমান্ত এসব পোর্ট অফ এন্ট্রির অন্তর্ভুক্ত। (INS -এর ওয়েব সাইট www.ins.gov -এ গেলে আরো বিস্তারিত তথ্য পাবেন।)
- যারা (অন্য দেশের নাগরিক নারী পুরুষসহ) ১১ সেপ্টেম্বর, ২০০২-এর পর যুক্তরাষ্ট্রে প্রবেশ করেছেন, তাদের নিবন্ধীকরনের আরো বাধ্যবাধকতা থাকতে পারে।

আপনার যুক্তরাষ্ট্রে থাকার মেয়াদ উত্তীর্ণ হয়ে গেলে (out of status) বা বর্তমানে আপনি এদেশে ‘অবৈধ’ ভাবে থাকলে কি আপনার নিবন্ধীকরন করা উচিৎ?

আপনার এদেশে থাকার মেয়াদ পার হয়ে যাবার পরও যদি আপনি নিবন্ধীকরন করার সিদ্ধান্ত নেন, তাহলে আপনার গ্রেফতার, কারাবাস ও দেশ থেকে বহিষ্কৃত হওয়ার ঝুঁকি আছে। অবশ্যই তার আগে একজন উকিলের পরামর্শ নিন।

পরিশিষ্ট : নিবন্ধীকরন করার আগে, অথবা কারারুদ্ধ হলে কোথায় আইন সংক্রান্ত সাহায্য পাবেন

<u>উত্তর ক্যালিফোর্ণিয়া</u>
* ন্যাশনাল লয়ইয়ার্স গিলড (NLG), সান ফ্রানসিস্কো বে এরিয়ার আইনী সাহায্যের জরুরী ফোন : (৪১৫) ২৮৫-১০৪১
<u>সারা দেশে</u>
* এশিয়ান এ্যামেরিকান লিগাল ডিফেন্স এন্ড এডুকেশন ফাণ্ড :
(২১২) ৯৬৬-৫৯৩২ # ২০৩ বা # ২১৩
এদের উকিলের কাছে বিনামূল্যে আইন সংক্রান্ত পরামর্শ পাওয়া যায়। বাংলা দোভাষীর ব্যবস্থা আছে।
* NLG জাতীয় অভিবাসন প্রকল্প (National Immigration Project): (৬১৭) ২২৭-৯৭২৭
ওয়েব ঠিকানা : www.nationalimmigrationproject.org
* এ্যামেরিকান ইমিগ্রেশন লইয়ার্স এসোসিয়েশন : (৮০০) ৯৫৪-০২৫৪।
ওয়েব ঠিকানা : www.aila.org.
<u>আরো কিছু সহায়তাকারী সংগঠন</u>
* এ্যামেরিকান এ্যারাব এ্যান্টি-ডিস্ক্রিমিনেশন কমিটি (ADC)
সান ফ্রানসিস্কো শাখা : (৪১৫) ৮৬১-৭৪৪৪/ (৮৭৭) ২৮২-২২৮৮
ADC -এর জাতীয় অফিস : (২০২) ২৪৪-২৯৯০
* ASATA (এ্যাসোসিয়েশন অফ সাউথ এশিয়ান্স টেকিং এ্যাকশন)
(৪১৫) ২৭৪-৬৭৬০ #৩১০
ওয়েব ঠিকানা : www.asata.org
কাউন্সিল অফ এ্যামেরিকান ইসলামিক রিলেশন্স (CAIR)
সান্টা ক্লারা : (৪০৮) ৯৮৬-৯৮৭৪
ইউনাইটেড রেস্পন্স কোলাবোরেটিভ : সান ফ্রানসিস্কো বে এরিয়ায় যারা জাতিগত বিদ্বেষ ও হিংসার শিকার হয়েছেন, তাদের এই সংস্থাটি সাহায্য করে।
(৪১৫) ৫৬৪-৯৪১০

মূল বিবৃতি পবন (Progressive Bengali Network) কর্তৃক প্রস্তুত।
বাংলা অনুবাদ ডিজিটাল বাংলা প্রকল্পের পক্ষে আশফাক স্বপন কৃত।
www.digitalbangla.org

edited Jan 30